# বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

## নিয়োগ বিজ্ঞপ্তি

এই বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অফিস/বিভাগের নিম্নবর্ণিত পদসমূহ পূরণের নিমিত্তে যোগ্যতা সম্পন্ন বাংলাদেশের নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছে।

১। ৳ঃ ১২৫০০-৩০২৩০/- বেতন স্কেলে **"ইলেকট্রিক্যাল সুপারভাইজার"**, প্রধান প্রকৌশলীর কার্যালয়ের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে ডিপ্লোমা/ইলেকট্রিক্যাল টেকনোলজিতে ভোকেশনাল পাশসহ ইলেকট্রিক্যাল ওয়্যারিং ও ইনস্টলেশনের কাজে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে এবং এ,বি ও সি ক্যাটাগরীর বৈদ্যুতিক লাইসেন্স প্রাপ্ত হইতে হইবে। বৈদ্যুতিক সাবস্টেশনের কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে।

২। ৳ঃ ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে **"ল্যাবঃ ইন্সট্রাক্টর কাম-স্টোর কীপার"**, (ক) তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল বিভাগের ১টি স্থায়ী পদ, (খ) আই.পি.ই. বিভাগের ১টি স্থায়ী পদ, (গ) যন্ত্রকৌশল বিভাগের ১টি স্থায়ী পদ, (ঘ) রসায়ন বিভাগের ১টি স্থায়ী পদ এবং (ঙ) কেমিকৌশল বিভাগের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে বি.এসসি. পাসসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে প্রশিক্ষণ প্রাপ্ত এবং কমপক্ষে ০২ (দুই) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে ***অথবা*** এইচ.এস.সি. ভোকেশনাল/বিজ্ঞান বিভাগে পাসসহ সংশ্লিষ্ট লাইনে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

৩। ৳ঃ ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে **"ডাটা এন্ট্রি অপারেটর"**, (ক) আইসিটি সেল-এর ২টি স্থায়ী পদ এবং (খ) ডাইরেক্টরেট অব কন্টিনিউইং এডুকেশন-এর ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে স্নাতক ডিগ্রীসহ প্রশিক্ষণ প্রাপ্ত হইতে হইবে। সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

৪। ৳ঃ ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে **''ইলেকট্রিশিয়ান"**, প্রধান প্রকৌশলীর কার্যালয়ের ২টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে এস.এস.সি পাশ এবং ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং/টেকনোলজী এবং ইলেকট্রিক্যাল ওয়ারিং-এ ৬ (ছয়) মাসের ট্রেড কোর্স পাশ হইতে হইবে। তৎসহ ন্যূনপক্ষে 'বি' গ্রেড প্রাপ্ত লাইসেন্সসহ সংশ্লিষ্ট কাজে ৫(পাঁচ) বৎসর অথবা 'সি' গ্রেড প্রাপ্ত লাইসেন্সসহ ১০ (দশ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে।

৫। ৳ঃ ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে **''বাবুর্চী"**, বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হল-এর ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে এস.এস.সি পাশসহ সংশ্লিষ্ট লাইনে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা প্রাপ্ত হইতে হইবে।

৬। ৳ঃ ৯০০০-২১৮০০/- বেতন স্কেলে **''লিফটম্যান"**, বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হল-এর ২টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে এস.এস.সি পরীক্ষায় পাশ এবং ইলেকট্রিক্যাল ও ইলেক্ট্রনিক্স-এ ট্রেড কোর্সসহ লিফট অপারেটিং ও রক্ষণাবেক্ষণ কাজে ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে। লিফট সংক্রান্ত অধিকতর যোগ্যতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধীকার দেওয়া হইবে।

৭। ৳ঃ ৯০০০-২১৮০০/- বেতন স্কেলে **"ল্যাবঃ এটেনডেন্ট"**, (ক) তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল বিভাগের ১টি স্থায়ী পদ, (খ) আই.পি.ই বিভাগের ১টি স্থায়ী পদ (গ) যন্ত্রকৌশল বিভাগের ১টি স্থায়ী পদ, (ঘ) গ্লাস এন্ড সিরামিক ইঞ্জিনিয়ারিং বিভাগের ১টি স্থায়ী পদ, (ঙ) পুরকৌশল বিভাগের ১টি স্থায়ী পদ, (চ) পানি সম্পদ কৌশল বিভাগের ১টি স্থায়ী পদ, (ছ) পানি ও বন্যা ব্যবস্থাপনা ইনস্টিটিউট ২টি স্থায়ী পদ এবং (জ) গণিত বিভাগের ২টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে এইচ.এস.সি (বিজ্ঞান) বা সমমানের পরীক্ষায় পাশ এবং সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্সসহ কাজে ১ (এক) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

৮। ৳ঃ ৮৮০০-২১৩১০/- বেতন স্কেলে **"সর্টার"**, কম্পট্রোলার অফিসের ১টি স্থায়ী পদঃ প্রার্থীকে ২(দুই) বৎসরের অভিজ্ঞতাসহ এস.এস.সি পাশ হইতে হইবে। অধিকতর অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া যাইতে পারে।

৯। ৳ঃ ৮৮০০-২১৩১০/- বেতন স্কেলে **"বাইন্ডার"**, রেজিস্ট্রার অফিসের ১টি স্থায়ী পদঃ প্রার্থীকে এস.এস.সি. পাশসহ দপ্তরী/বাইন্ডার হিসাবে কমপক্ষে ২ (দুই) বৎসরের কাজের অভিজ্ঞতা থাকিতে হইবে। ***অথবা*** প্রার্থীকে জেএসসি/সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

১০। ৳ঃ ৮৫০০-২০৫৭০/- বেতন স্কেলে **''সহকারী প্লাম্বার"**, প্রধান প্রকৌশলীর কার্যালয়ের ২টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে এস.এস.সি এবং প্লাম্বিং-এ ট্রেড কোর্স পাশ হইতে হইবে। খ্যাতনামা নির্মাণ প্রতিষ্ঠানে সহকারী প্লাম্বার হিসাবে কমপক্ষে ২(দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে।

১১। মাসিক সর্বসাকুল্যে ৳ঃ ১৬,০০০/- বেতনে **"নেটওয়ার্ক টেকনিশিয়ান"**, আইআইসিটি-এর অধীনে ১ (এক) বছরের জন্য আবাসিক হলের ৮টি অস্থায়ী পদ ঃ এইচ.এস.সি (বিজ্ঞান)/এইচ.এস.সি (ভোক) সরকার স্বীকৃত প্রতিষ্ঠান এবং শিক্ষা বোর্ড হতে কমপক্ষে জিপিএ ২.৫ পেয়ে উত্তীর্ণ হতে হবে। কম্পিউটার নেটওয়ার্কিং, ট্রাবলসুটিং-এর ক্ষেত্রে কমপক্ষে ১ বছর কাজের বাস্তব অভিজ্ঞতা। তবে ৪ বছর মেয়াদী ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং ডিগ্রীধারী হলে অভিজ্ঞতা শিথিলযোগ্য। কম্পিউটার পরিচালনা এবং মাইক্রোসফট অফিস-এর ব্যবহার সম্পর্কিত সম্যক জ্ঞান থাকা আবশ্যক।

**বি: দ্রঃ** ক্রমিক নং ১ হইতে ৮ নং এবং ১০, ১১ নং ক্রমিকে বর্ণিত পদের ক্ষেত্রে প্রার্থীর শিক্ষা জীবনে কোন স্তরে তৃতীয় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়। ''অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে যে কোন একটি স্তরে শিক্ষাগত যোগ্যতা (বিভাগ/শ্রেণী) শিথিলযোগ্য। তবে ১১/০৫/২০১৫ তারিখের পরে যাহারা এই বিশ্ববিদ্যালয়ে নিযুক্ত হইয়াছেন এবং ডিগ্রী অর্জন করিয়াছেন তাহাদের ক্ষেত্রে এই শিথিলতা প্রযোজ্য হইবে না।"

**প্রার্থীত পদের নাম ও অফিস/বিভাগের নাম আবেদনে সুস্পষ্টভাবে উল্লেখ পূর্বক প্রতিটি পদের জন্য অফিস/বিভাগ অনুযায়ী আলাদা আলাদা আবেদন করতে হবে।** কম্পট্রোলার, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের অনুকূলে ১ নং হইতে ৭ নং এবং ১১ নং ক্রমিকের পদের প্রতিটি পদের জন্য ৳ঃ ৩০০/- (তিনশত) টাকার এবং ৮ নং হইতে ১০ নং ক্রমিকের পদের জন্য ৳ঃ ১৫০/- (একশত পঞ্চাশ) টাকার ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার (ঢাকা মহানগরীর যে কোন বাণিজ্যিক ব্যাংকের শাখার উপর জারীকৃত) অথবা কম্পট্রোলার অফিসের সাথে যোগাযোগ করিয়া হিসাব শাখা কর্তৃক প্রদত্ত নির্ধারিত জমা রশিদের মাধ্যমে সোনালী ব্যাংক, বুয়েট শাখায় নগদ অর্থ জমা প্রদান পূর্বক রশিদের অংশ দরখাস্তের সহিত জমা দিতে হইবে। পোষ্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়। বাংলায় প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা, অভিজ্ঞতা, জন্ম তারিখ ও মোবাইল নম্বর ইত্যাদি উল্লেখ পূর্বক ভোটার আইডি কার্ড/ জন্ম নিবন্ধন সনদসহ সকল প্রকার সনদপত্রের সত্যায়িত কপি ও সদ্য তোলা পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ছবিসহ কম্পিউটারে মুদ্রিত দরখাস্ত রেজিস্ট্রার-এর বরাবরে পৌছাইতে হইবে। **প্রার্থীকে চিঠি পাঠানোর ঠিকানাসমেত দুটি ফিরতি খাম আবেদনের সহিত দিতে হইবে।** আবেদনে উল্লেখিত তথ্যে অসম্পূর্ণতা পাওয়া গেলে অথবা আবেদনের সাথে জমাকৃত সার্টিফিকেট/মার্কশীটের কপিসমূহে মূলকপি যাচাইকালে কোন অসঙ্গত/অসত্য/ভুল তথ্য পাওয়া গেলে আবেদনকারীর প্রার্থীতা বাতিলযোগ্য বলিয়া গণ্য হইবে। তাছাড়া অসত্য/ভুল তথ্য প্রদানকারী প্রার্থী পরবর্তী পাঁচ বৎসর বুয়েটের কোন চাকুরীর জন্য আবেদন করিলে তাহা বিবেচিত হইবে না। কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকে এই নিয়োগ প্রক্রিয়া গ্রহণ/বাতিল/পদ সংখ্যা হ্রাস-বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ প্রক্রিয়ায় কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। চাকুরীরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে। বিস্তারিত তথ্যের জন্য বুয়েট ওয়েব সাইটে (www.buet.ac.bd/regoffice) দেখা যাইতে পারে অথবা বুয়েটের নোটিশ বোর্ডে খোঁজ নেওয়া যাইতে পারে।

**আবেদনপত্র জমাদানের শেষ তারিখ: ২৬/০৪/২০২২**

রেজিস্ট্রার